# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র বিষয় কোড: | ২ | ৯ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**প্রশ্ন-১ ▶** ঢাকার অদূরে মানিকগঞ্জ ও সাভার এলাকায় দীর্ঘ পনের বছর সাফল্যের সাথে ক্ষুদ্রঋণ প্রকল্প পরিচালনার পর 'দেনা-বিকাশ' নামের বেসরকারি সাহায্য সংস্থার পরিচালকগণ প্রতিষ্ঠানটিকে এমন একটি রূপ দিতে চাচ্ছেন যার পৃথক আইনগত সত্তা আছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন পেলে মূলধন বাজার থেকে প্রয়োজনীয় অতিরিক্ত মূলধন সংগ্রহের বিষয়েও তারা একমত হতে পেরেছেন।

ক. প্রাথমিক বাজার বলতে কী বোঝ? ১

খ. সেকেন্ডারি মার্কেটের বৈশিষ্ট্য কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের উদ্দেশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. পরিচালকগণ প্রতিষ্ঠানটিকে কোন ধরনের প্রতিষ্ঠানে রূপান্তর করতে চাচ্ছেন? উল্লিখিত তথ্যের ভিত্তিতে প্রত্যাশিত পরিকল্পনা বাস্তবায়নের জন্য কোন কোন আইনের সাহায্য নিতে হবে? ব্যাখ্যা করো। ৪

**প্রশ্ন-২ ▶** আবিদ ১০ বছরের জন্য সোনালী ব্যাংকে ১৫,০০০ টাকা জমা রেখেছে। সুদের হার ১০%। ব্যাংক ৬ মাস অন্তর সুদ প্রদান করে। জাভেদ তার দাদার কাছ থেকে তিনটি প্রস্তাব পেয়েছে। যদি সে এইচএসসি পরীক্ষায় ভালো রেজাল্ট করতে পারে তাহলে উক্ত যেকোনো একটি প্রস্তাবের অর্থ গ্রহণ করতে পারবে। প্রস্তাব তিনটি নিম্নরূপ:

i. আগামী ৫ বছর প্রত্যেক বছর ১,০০০ টাকা গ্রহণ।

ii. আগামী ৫ বছরে (১-৫) যথাক্রমে ১২০০, ৮০০, ৯০০, ৬০০ ও ৪০০ টাকা গ্রহণ

iii. আজকে ২,৭৩০ টাকা গ্রহণ।

সুযোগ ব্যয়ের হার ১১%

ক. বাট্টাকরণ বলতে কী বোঝায়? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যার পরিবর্তন অ্যানুইটির ভবিষ্যৎ মূল্যের উপর কী প্রভাব ফেলে তা ব্যাখ্যা করো। ২

গ. আবিদ ১০ বছর পর সোনালী ব্যাংক হতে মোট কত টাকা পাবে? ৩

ঘ. জাভেদের কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত তা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৩ ▶** ২০১০ সালে আয়শীর ধারে বিক্রয়ের পরিমাণ ১০,০০,০০০ টাকা। তার প্রতিষ্ঠানের গড় প্রাপ্য বিলের পরিমাণ ৭,০০,০০০ টাকা। ব্যবসায়ের অর্থের প্রয়োজনে সে তার ব্যাংক হতে প্রাপ্য বিলের বিপরীতে ২ বছর মেয়াদি ঋণের আবেদন করলে ব্যাংক সেই আবেদন প্রত্যাখ্যান করে।

ক. ব্যক্তিগত ঋণ কেন দেয়া হয়? ১

খ. ইজারা কোম্পানি কীভাবে অর্থসংস্থান করে থাকে? ২

গ. ব্যাংক আয়শীর ঋণের প্রস্তাব প্রত্যাখ্যান করলো কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. আয়শীর প্রাপ্য বিলের গড় আদায় সময় কত? নিরূপণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

**প্রশ্ন-৪ ▶** সিঙ্গার কোম্পানি লি.-এর শেয়ার প্রতি আয় ২০ টাকা, লভ্যাংশ বণ্টনের হার ১০০%। অপরদিকে সনি কোম্পানি লি.-এর শেয়ার প্রতি আয় ৩০ টাকা, লভ্যাংশ বণ্টনের ২৫%। আরও খোঁজ নিয়ে জানা যায়, সনি কোম্পানি ঢাকা শহর সৌন্দর্য বর্ধন প্রকল্পে ১,০০,০০০ টাকা অনুদান দেয় এবং গরীব মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. তারল্য সংরক্ষণ কীভাবে মুনাফা অর্জনকে প্রভাবিত করে? ব্যাখ্যা করো। ২

গ. সনি কোম্পানি কোন ধরনের সামাজিক দায়িত্ব পালন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কোন কোম্পানিটি সম্পদ সর্বোচ্চকরণকে বেশি প্রধান্য দিয়েছে বলে তুমি মনে করো? যুক্তিসহ উত্তর দাও। ৪

**প্রশ্ন-৫ ▶** রিশান ও মিলন দুই ভাই মিলে আন্দুলিয়াতে 'টু-স্টার ব্রিকস্' নামে একটি ইটের ভাটা প্রতিষ্ঠা করেন। ইটের ভাটার মোট স্থায়ী ব্যয় ২ লক্ষ টাকা। প্রতিটি ইট প্রস্তুত করতে খরচ হয় ৩ টাকা। টু'স্টার বিক্রস্ প্রতিটি ইট ৫ টাকা দরে বিক্রয় করে।

ক. গড় আদায়কাল অনুপাত কীভাবে নির্ণয় করা যায়? ১

খ. নগদ প্রবাহ বিবরণীর উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ. টু-স্টার ব্রিকস্-এর সমচ্ছেদ বিক্রয় (একক) নির্ণয় করো। ৩

ঘ. টু-স্টার ব্রিকস্ যদি ১ লক্ষ ইট বিক্রয় করে ২০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে প্রতিটি ইট কত টাকা দরে বিক্রয় করতে হবে? ৪

**প্রশ্ন-৬ ▶** নিম কোম্পানির শেয়ারের বর্তমান বাজার মূল্য ২২০ টাকা। কোম্পানিটি ৩১/১২/২০১১ তারিখে প্রতি শেয়ারে ২৫% হারে লভ্যাংশ দেয়। কোম্পানির লভ্যাংশ গড়ে ৫% হারে বৃদ্ধি পায়। ৫ম বছরে কোম্পানি তার লাভের ৭০ লক্ষ টাকার মধ্যে ৪০ লক্ষ টাকা সংরক্ষণ করে। যা অন্য ব্যবসায়ে বিনিয়োগ করে ২৫% লাভ করতে পারতো।

ক. পে-ব্যাক সময় অনুযায়ী কখন প্রকল্প গ্রহণ করা হয়? ১

খ. ঋণ মূলধন ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. নিম কোম্পানির ৩য় বছরের মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. নিম কোম্পানি ৫ম বছরে ২০% সংরক্ষিত আয় হিসেবে সংগ্রহ করায় এর সুযোগ ব্যয়ের ধারণাটিকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৭ ▶** মান্নান এন্টারপ্রাইজের দুটি প্রকল্পের কিছু তথ্য নিম্নরূপ—

| পদ্ধতি | সুকন্যা | সুতন্বী |
|---|---|---|
| গড় মুনাফার হার | ২৫% | ১৬.৬৭% |
| বিনিয়োগ ফেরতকাল সময় | ৫ বছর | ৬ বছর |

ক. গড় মুনাফা হার কম হলে কী হয়? ১

খ. মূলধন বাজেটিং প্রয়োগ বলতে কী বোঝায়? ২

Teachingbd.com

গ. বিনিয়োগ ফেরতকাল সময়ের ভিত্তিতে দুটি প্রকল্পের তুলনা করো। ৩

ঘ. মান্নান এন্টারপ্রাইজের জন্য দুটি প্রকল্পের মধ্যে কোনটি বাছাই করা যুক্তিযুক্ত হবে? ৪

**প্রশ্ন-৮ ▶** মি. রাশেদ রেইনবো লিমিটেডের মালিক। ব্যবসায়ে বিদ্যমান ঝুঁকি ও অনিশ্চয়তার বিষয়টি বিবেচনা করে তিনি নিজস্ব অর্থায়নে পদ্ম প্রকল্প চালু করেন। বিভিন্ন রকম বাধা-বিপত্তির কারণে প্রত্যাশিত মুনাফা অর্জন করতে তিনি ব্যর্থ হন। বিগত ৫ বছরের পদ্ম প্রকল্পের আয়ের হার নিম্নরূপ—

| সাল | আয় (শতকরা) |
|---|---|
| ২০০৮ | ১৯% |
| ২০০৯ | ২২% |
| ২০১০ | ১৭% |
| ২০১১ | ১৩% |
| ২০১২ | ১৪% |

ক. পরিহারযোগ্য ঝুঁকি কীভাবে হিসাব করে? ১

খ. দীর্ঘমেয়াদি ঋণ অপেক্ষা স্বল্পমেয়াদি ঋণ ঝুঁকিপূর্ণ কেন? ২

গ. পদ্ম প্রকল্পের আয়ের আদর্শ বিচ্যুতির পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. পদ্ম প্রকল্পটিতে প্রত্যাশিত মুনাফা অর্জিত না হওয়ায় জনাব রাশেদ কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারে বলে তুমি মনে করো? ৪

**প্রশ্ন-৯ ▶** জনাব তাজুল একজন চাকরিজীবী। তিনি পুঁজি বাজারে কর্পোরেট বন্ডে বিনিয়োগ করতে আগ্রহী। নিম্নে সজীব ও হাসান কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বন্ডের বিবরণ দেয়া হলো:

| বিবরণ | সজীব কোং | হাসান কোং |
|---|---|---|
| বন্ডের লিখিত মূল্য | ১,০০০ টাকা | ১,০০০ টাকা |
| কুপন রেট | ১৩% | ১৬% |
| মেয়াদ | ১০ বছর | পারপিচুয়াল |
| প্রয়োজনীয় আয়ের হার | ১২% | ১৬% |
| বর্তমান বাজার মূল্য | ১,১০০ টাকা | ১,২০০ টাকা |

এছাড়াও নেক্সাস কোম্পানি প্রতিটি ২,০০০ টাকা মূল্যের ৭ বছর মেয়াদি জিরো কুপন বন্ড ইস্যু করেছে। প্রয়োজনীয় আয়ের হার ১৫%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. কুপন রেট বৃদ্ধি পেলে বন্ডের চলতি আয়ের ওপর কী প্রভাব পড়বে? ২

গ. নেক্সাস কোম্পানি জিরো কুপন বন্ডের মূল্য নির্ণয় করো। ৩

ঘ. জনাব তাজুল সজীব ও হাসান কোম্পানির বন্ডের মধ্যে কোনটিতে বিনিয়োগ করলে লাভবান হবে? যুক্তিসহ উত্তর দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৯ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **শেয়ার বাজারে কোন ধরনের কোম্পানির শেয়ার ও ঋণপত্র লেনদেন হয়ে থাকে?**
ⓚ প্রাইভেট লিমিটেড ⓚ পাবলিক লিমিটেড
ⓖ সরকারি
ⓖ প্রাইভেট ও পাবলিক লিমিটেড

২. **কোন ধরনের সিকিউরিটিজ মুদ্রা বাজারে লেনদেন হয়ে থাকে?**
ⓚ সাধারণ শেয়ার ⓚ অগ্রাধিকার শেয়ার
ⓖ দীর্ঘমেয়াদি ঋণপত্র ⓖ বাণিজ্যিক পত্র

৩. **হাইব্রিড সিকিউরিটি কোনটি?**
ⓚ প্রারম্ভিক শেয়ার ⓚ সাধারণ শেয়ার
ⓖ অগ্রাধিকার শেয়ার ⓖ বোনাস

৪. **নিবন্ধিত অংশীদারি ব্যবসায়ের সুবিধা কোনটি?**
ⓚ চুক্তিজনিত অধিকার আদায়ে মামলা দায়ের
ⓚ সম্পত্তি পুনরুদ্ধার
ⓖ ব্যবসায়ের বিলোপসাধন
ⓖ বিশ্বাস ভঙ্গের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ

৫. **ব্যবসায়িক লেনদেনের ফলে কোনটির উৎপত্তি হয়?**
ⓚ ব্যাংক ঋণের ⓚ সমবায় সমিতির
ⓖ ব্যবসায় ঋণের ⓖ পণ্য আমদানির

৬. **জামানতবিহীন অর্থায়ন কোনটি?**
ⓚ প্রাপ্য বিল জমা ⓚ মজুদ পণ্য বন্ধক
ⓖ সম্পদ জমা ⓖ ঋণ রেখা

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনতা সু কোম্পানির আগামী বছরে মোট ৩০ লক্ষ টাকার প্রয়োজন হবে। নগদ আবর্তন ৩ বার।

৭. **জনতা সু কোম্পানির ন্যূনতম পরিচালন নগদ অর্থের পরিমাণ কত?**
ⓚ ৮ লক্ষ টাকা ⓚ ১০ লক্ষ টাকা
ⓖ ১২ লক্ষ টাকা ⓖ ১৩ লক্ষ টাকা

৮. **উদ্দীপকে নগদ আবর্তন ৫ বার হলে ন্যূনতম পরিচালন নগদ অর্থের পরিমাণ কত?**
ⓚ ৪ লক্ষ টাকা ⓚ ৫ লক্ষ টাকা
ⓖ ৬ লক্ষ টাকা ⓖ ৭ লক্ষ টাকা

৯. **পিকুল প্রতি মাসে ১,০০০ টাকা ভাড়া প্রদানের শর্তে ১০ মাসে পরিশোধ্য একটি মেশিন ক্রয় করেন। এখানে ভাড়া ব্যয় কত হবে?**
ⓚ ১,০০০ টাকা ⓚ ২,০০০ টাকা
ⓖ ১০,০০০ টাকা ⓖ ২০,০০০ টাকা

১০. **কোনটি বিনিয়োগকারীর জন্য অধিক ঝুঁকিপূর্ণ?**
ⓚ বিনিময় বিল ⓚ ব্যাংক ড্রাফট
ⓖ কর্পোরেট বন্ড ⓖ কর্পোরেট শেয়ার

১১. **পরিহারযোগ্য ঝুঁকি হ্রাস করা যায় —**
i. বেশি বিনিয়োগ করে
ii. ভোটাধিকার প্রয়োগ করে
iii. বিভিন্ন কোম্পানির শেয়ার পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১২. **$P_0$ = ২০০ টাকা, $P_1$ = ২৫০ টাকা এবং $D_1$ = ১০ টাকা হলে মুনাফা জাতীয় লাভের শতকরা হার কত?**
ⓚ ৫% ⓚ ৭%
ⓖ ১০% ⓖ ১৫%

১৩. **পোর্টফোলিওতে বিনিয়োগের উদ্দেশ্য কী?**
ⓚ ঝুঁকি হ্রাস ⓚ মুনাফা বৃদ্ধি
ⓖ বিক্রয় বৃদ্ধি ⓖ উৎপাদন খরচ হ্রাস

১৪. **মূলধন ব্যয় নির্ণয়ের সময় উপেক্ষিত হয় —**
i. মুদ্রাস্ফীতি
ii. শেয়ার বাজারের অস্থিতিশীলতা
iii. ঝুঁকির পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৫. **ভার বা গুরুত্বের (Weight) সমষ্টি অবশ্যই কত হবে?**
ⓚ শূন্য ⓚ এক
ⓖ এক এর কম ⓖ এক থেকে বেশি

১৬. **শবনম লি. প্রতিটি ৫,০০০ টাকা মূল্যের ৯% অগ্রাধিকার শেয়ার ১০% কম মূল্যে বিক্রয় করে মূলধন সংগ্রহ করে। শবনম লি.-এর মূলধন ব্যয় কত?**
ⓚ ৯% ⓚ ১০%
ⓖ ১১.১১% ⓖ ১৯%

১৭. **ডেল্টা লি.-এর ঋণপত্রের কর পূর্ববর্তী সুদের হার ১৮% এবং করের হার ৪০%। ডেল্টা লি.-এর করপরবর্তী ঋণের ব্যয় কত?**
ⓚ ১০.৯৪% ⓚ ১০.৮০%
ⓖ ১০.২২% ⓖ ১২.৩৩%

১৮. **সমচ্ছেদ বিন্দু হতে প্রকৃত বিক্রয় পর্যাপ্ত অংশকে কী বলে?**
ⓚ নিরাপদ দূরত্ব ⓚ সম-আয়-ব্যয়
ⓖ উদ্বৃত্ত দূরত্ব ⓖ প্রত্যাশিত বিক্রয়

১৯. **নগদ প্রবাহ বিবরণী বিশ্লেষণের উদ্দেশ্য হলো —**
i. আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ নির্ণয় করা
ii. নগদ বিনিয়োগের পরিমাণ নির্ধারণ করা
iii. ভবিষ্যৎ ইতিবাচক আয় প্রবাহ নিশ্চিত করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. **কোনটি পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ?**
ⓚ অবচয় ⓚ ঋণ গ্রহণ
ⓖ শেয়ার ক্রয় ⓖ আসবাবপত্র বিক্রয়

২১. **পাওনাদার হ্রাস এবং অগ্রিম ব্যয় বৃদ্ধি পেলে কী ঘটবে?**
ⓚ নগদ আন্তঃপ্রবাহ
ⓚ নগদ বহিঃপ্রবাহ
ⓖ নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ
ⓖ নগদ বহিঃপ্রবাহ ও আন্তঃপ্রবাহ

Teachingbd.com

২২. মোট বিক্রয় এবং পরিবর্তনশীল ব্যয়ের পার্থক্যকে কী বলে?
ⓚ স্থায়ী ব্যয় ⓚ অবদান বা দত্তাংশ
ⓖ মুনাফা ⓖ ক্ষতি

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
লিমা লি.-এর একটি প্রকল্পে বিনিয়োগকৃত মূলধন ৭০,০০০ টাকা, যা থেকে আগামী ৫ বছর যাবত বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ১৮,০০০ টাকা, ১২,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ২০,০০০ টাকা এবং ২১,০০০ টাকা।

২৩. প্রকল্পটির ৪র্থ বছরে ক্রমযোজিত নগদ প্রবাহ কত?
ⓚ ৮,০০০ টাকা ⓚ ২০,০০০ টাকা
ⓖ ৪৫,০০০ টাকা ⓖ ৭৫,০০০ টাকা

২৪. প্রকল্পটির পে-ব্যাক সময় কত হবে?
ⓚ ৩ বছর ৬ মাস ⓚ ৩ বছর ৯ মাস
ⓖ ৪ বছর ২ মাস ⓖ ৪ বছর ৫ মাস

২৫. প্রতিষ্ঠানের মোট খরচের মাধ্যমে কোনটি নির্ণয় করা হয়?
ⓚ নগদ প্রবাহ
ⓚ নগদ বহিঃপ্রবাহ
ⓖ নগদ আন্তঃপ্রবাহ
ⓖ ক্রমযোজিত নগদ প্রবাহ

২৬. স্বাধীন প্রকল্প সম্পর্কে কোন উক্তিটি সঠিক?
ⓚ স্বাধীন প্রকল্পে প্রত্যাশিত আয়ের সম্পর্ক নেই
ⓚ স্বাধীন প্রকল্পে সবসময় লাভজনকতা থাকে না
ⓖ স্বাধীন প্রকল্পের কারণে অন্য প্রকল্প প্রভাবিত হয় না
ⓖ স্বাধীন প্রকল্পে নগদ প্রবাহ ঋণাত্মক হবে

২৭. মূলধন বাজেটিং সিদ্ধান্ত কোনটি?
ⓚ মজুদ পণ্য ক্রয় ⓚ কাঁচামাল ক্রয়
ⓖ জ্বালানি ক্রয় ⓖ যন্ত্রপাতি ক্রয়

২৮. সরকারি অর্থায়নের উদ্দেশ্য কী?
ⓚ সরকারের আয় বৃদ্ধি
ⓚ সরকারের সামর্থ্য বৃদ্ধি
ⓖ জনকল্যাণ করা
ⓖ বৈদেশিক ঋণ সংগ্রহ করা

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
চৈতি লিমিটেড ১০% সুদে সোনালী ব্যাংক থেকে ৫০,০০০০০ টাকা ঋণ নিল। ২০১৪-১৫ অর্থ বৎসরে কোম্পানি ১০,০০০ টাকা মুনাফা করল। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার অনুপাতে বণ্টন করল। কিন্তু ২০১৫-১৬ অর্থবৎসরে কাঁচামাল কিনতে গিয়ে কোম্পানি দেখল পর্যাপ্ত নগদ অর্থ নেই।

২৯. চৈতি লি. অর্থায়নের কোন নীতি অনুসরণ না করায় কাঁচামাল ক্রয়ে সমস্যা দেখা দেয়?
ⓚ তারল্য ও মুনাফা নীতি ⓚ ঝুঁকি ও মুনাফা নীতি
ⓖ অর্থের সময় মূল্যনীতি ⓖ উপযুক্ততার নীতি

৩০. উদ্দীপকে চৈতি লি.-এর গৃহীত সিদ্ধান্ত হচ্ছে—
i. অর্থায়ন ii. বিনিয়োগ
iii. লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩১. সাব্বির নীলক্ষেতে বই বিক্রির ব্যবসায় শুরু করেছে। ব্যবসায়টিতে বই ক্রয় করে আনার জন্য কোন ধরনের অর্থায়ন উপযুক্ত?
ⓚ বাহ্যিক অর্থসংস্থান
ⓚ ব্যবসায়িক অর্থসংস্থান
ⓖ ব্যক্তিগত অর্থসংস্থান
ⓖ সরকারি অর্থসংস্থান

৩২. ব্যবসায়ে দীর্ঘমেয়াদি মূলধন ব্যবহৃত হয় —
i. আসবারপত্র ক্রয় ii. দালানকোঠা ক্রয়
iii. ভূমি ক্রয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৩. ইজারা অর্থায়নের মাধ্যমে সংগ্রহ করা কোনটি?
ⓚ বেশি পরিমাণ কাঁচামাল ⓚ মূল্যবান আসবাবপত্র
ⓖ যন্ত্রপাতি ⓖ নগদ অর্থ

৩৪. ধারক ঋণগ্রহীতাকে ঋণপত্র পুন:ক্রয়ের জন্য চাপ প্রয়োগ করতে পারে কোন ধরনের বন্ডে?
ⓚ জিরো কুপ বন্ডে ⓚ ফেরতযোগ্য বন্ডে
ⓖ পুট বন্ডে ⓖ ইনকাম বন্ডে

৩৫. মি. সোহেল তার মুরগির ফার্মের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করবেন। এজন্য কোন ধরনের মূলধন উপযুক্ত?
ⓚ চলতি মূলধন ⓚ স্থায়ী মূলধন
ⓖ স্বল্পমেয়াদি মূলধন ⓖ পারিবারিক মূলধন

৩৬. অগ্রিম বার্ষিক বৃত্তি প্রদান করা হয় —
i. বছরের শেষে ii. বছরের শুরুতে
iii. মেয়াদের শুরুতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৭. ঋণ নেয়ার পূর্বে কোনটি করা আবশ্যক?
ⓚ সুদের পরিমাণ নির্ধারণ
ⓚ ঋণের পরিমাণ নির্ণয়
ⓖ অর্থের মূল্য নির্ধারণ
ⓖ পরিশোধ ক্ষমতা যাচাই

৩৮. এককালীন অর্থের ভবিষ্যৎ মূল্য থেকে বর্তমান মূল্য বাদ দিলে কী পাওয়া যায়?
ⓚ সুদ ⓚ আসল
ⓖ সুদাসল ⓖ নিট মূলধন

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রহমান সোনালী ব্যাংক লিমিটেড থেকে ৫০,০০০ টাকা ভোক্তা ঋণ গ্রহণ করলেন। তাকে ১০% সুদসহ ৫টি সমান বার্ষিক কিস্তিতে অর্থ পরিশোধ করতে হবে।

৩৯. জনাব রহমানের ধারকৃত অর্থের বর্তমান মূল্য কত?
ⓚ ৫০,০০০ টাকা ⓚ ৭৫,০০০ টাকা
ⓖ ৪৫,৫০০ টাকা ⓖ ৫২,৫০০ টাকা

৪০. জনাব রহমানকে মোট কত টাকা করে কিস্তি দিতে হবে?
ⓚ ১৩,২০৫ টাকা ⓚ ১৪,১১০ টাকা
ⓖ ১৩,১৯০ টাকা ⓖ ১৪,২০০ টাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ খ | ২ ঘ | ৩ গ | ৪ ক | ৫ গ | ৬ ঘ | ৭ খ | ৮ গ | ৯ ক | ১০ গ | ১১ খ | ১২ ক | ১৩ ক | ১৪ ঘ | ১৫ ঘ | ১৬ খ | ১৭ ঘ | ১৮ ক | ১৯ ঘ | ২০ ক |
| | ২১ খ | ২২ খ | ২৩ গ | ২৪ খ | ২৫ খ | ২৬ গ | ২৭ ঘ | ২৮ গ | ২৯ ক | ৩০ গ | ৩১ খ | ৩২ ঘ | ৩৩ গ | ৩৪ গ | ৩৫ খ | ৩৬ গ | ৩৭ ঘ | ৩৮ ক | ৩৯ ক | ৪০ গ |

Teachingbd.com